আজকের কাগজ

তারিখ 0.5 NOV 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

35

# আজ সারাদেশে স্কুল ছাত্রদের ধর্মঘট

কাগজ প্রতিবেদক : পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের প্রতিবাদ, গ্রেফতারকৃত স্কুল ছাত্রদের মুক্তির দাবিতে বাংলাদেশ স্কুল ছাত্র সংগ্রাম পরিষদের আহবানে আজ সারা দেশে স্কুল ধর্মঘট। এদিকে পরিষদের এক প্রতিনিধি সভা গতকাল মধুর ক্যান্টিনে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন গাজী খালিদ মাহমুদ তরুণ। সভায় ছাত্রলীগ (ম-ই), গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ছাত্রঐক্য ফোরামের নেতারা উপস্থিত ছিলেন। সভায় আজ ধর্মঘট শেষে দুপুর ১২টায় মধুর ক্যান্টিনের সামনে কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য এসএসসি পরীক্ষার মাত্র কয়েক মাস পূর্বে পরীক্ষা পদ্ধতি পরিবর্তনে ঘোষণা দিয়ে দেশের কয়েক লাখ এসএসসি পরীক্ষার্থীকে চরম অনিশ্চয়তার মধ্যে ফেলে দেয়ার ঘটনার তীব্র নিন্দা করেছে। নেতারা স্কুল ছাত্রদের আন্দোলন দমন করতে গিয়ে পুলিশী নির্যাতন ও গ্রেফতারের প্রতিবাদ করেছে।

পৃথক বিবৃতিতে বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সভাপতি আহাদ আহমেদ ও সাধারণ সম্পাদক উদয় পালও পরীক্ষা সংক্রান্ত সরকারি সিদ্ধান্তের সমালোচনা করেছে। গণতান্ত্রিক ছাত্র কেন্দ্রের কেন্দ্রীয় যুগ্ম আহবায়ক শেখ নূরুল আমীন ও কেন্দ্রীয় সদস্য আবুল ফাত্তাহ সবুজও এক বিবৃতিতে সরকারি সিদ্ধান্তকে অদূরদর্শী বলে উল্লেখ করেছে।

## জয়পুরহাটে স্কুল ছাত্ররা আজ হরতাল ডেকেছে

দেশের বিভিন্ন স্থানে গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি এবং এসএসসি পরীক্ষা বর্তমান পদ্ধতি বাতিল করে আগের পদ্ধতি বহালের দাবিতে জয়পুরহাট জেলার বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা বৃহস্পতিবার সকাল ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত হরতাল আহবান করেছে। উক্ত হরতাল সফল করার লক্ষ্যে ছাত্ররা গতকাল দুপুরে এক জঙ্গী মিছিল বের করে। নন্দ কিশোর আগারওয়ালা জয়পুরহাট থেকে।